কুষ্টিয়ায় জাল ভোট দিতে গিয়ে দুই কিশোর আটক

কুষ্টিয়ার কুমারখালী পৌরসভা নির্বাচনে জাল ভোট দিতে গেয়ে দুই কিশোর ধরা পড়েছে।

শনিবার সকালে কুমারখালী তেবাড়ীয়া জয়বাংলা প্রাথমিক বিদ্যালয়ের পৌরসভার ৮নং নির্বাচনী কেন্দ্রের ৬নং বুথে জাল স্মার্ট কার্ডের মাধ্যমে ভোট দিতে গিয়ে তারা ধরা পড়ে। পরে তাদের আটক করা হয়।

আটক কিশোররা হলো- কুমারখালী তেবাড়ীয়া গ্রামের দুলালের ছেলে মামুন (১৪) ও লিটনের ছেলে স্বজল (১৬)। তারা জাল স্মার্ট কার্ডের মাধ্যমে ভোট দিতে গিয়ে আটক হয়েছে।

৬ নং বুথের দায়িত্বে থাকা সহকারী প্রিজাইডিং অফিসার খাইরুল ইসলাম জানান, তারা ভোট দিতে এসে স্মার্ট কার্ড দেখালে সেটা জাল বলে প্রতীয়মান হয়। তাদের আটক করে পুলিশে সোপর্দ করা হয়েছে।

এ বিষয়ে নির্বাহী ম্যাজিস্ট্রেট এমএ মুহাইমিন আল জিহান জানান, তারা জাল ভোট দিতে গিয়ে আটক হয়েছে। ভোটগ্রহণ শেষে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

কুষ্টিয়ায় বড় ভাইকে হত্যার অভিযোগ

কুষ্টিয়ার মিরপুরে জমাজমী সংক্রান্ত বিরোধের জের ধরে বড় ভাইকে হত্যার অভিযোগ উঠেছে ছোট ভাইয়ের বিরুদ্ধে।

গতকাল শনিবার (১৬ জানুয়ারি) দুপুর দেড়টার দিকে মিরপুর উপজেলার ছাতিয়ান ইউনিয়নের নফরকান্দি এলাকার মাঠে এ ঘটনা ঘটে।

নিহত দাউদ খাঁ (৬০) উক্ত এলাকার মৃত অমুল্য খাঁ এর ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গোলাম মোস্তফা জানান, জমাজমি সংক্রান্ত বিরোধের জের ধরে ছোটভাই আব্দুল গফুরের সাথে দুপুরে মাঠে বাকবিতণ্ডা হয়।

এসময় ছোট ভাই বড় ভাইকে লক্ষ্য করে একটি ঢিল ছুঁড়লে এতে ঢিল বুকে লেগে আঘাতপ্রাপ্ত হন। পরে বাড়ীর ফেরার পথে বড় ভাই দাউদ খাঁ মারা যান।

কুষ্টিয়ায় পৌর নির্বাচনে ভোটগ্রহণ চলছে

দ্বিতীয় ধাপে কুষ্টিয়ার চারটি পৌরসভা নির্বাচনের ভোট গ্রহণ শুরু হয়েছে। সকাল আটটায় শুরু হওয়া এ ভোট একটানা চলবে বিকেল চারটা পর্যন্ত। এর মধ্যে ১টি পৌরসভায় ইভিএম ও ৩টিতে ব্যালটে নেয়া হচ্ছে ভোট। বিতর্ক এড়াতে আজ ভোটের দিন ভোরে কেন্দ্রে কেন্দ্রে পাঠানো হয়েছে ব্যালট। জেলার কুমারখালী পৌরসভাতেই ইভিএমে ভোট গ্রহণ চলছে।

আর বাকি তিনটি পৌরসভা অর্থাৎ কুষ্টিয়া, ভেড়ামারা ও মিরপুর পৌরসভায় ব্যালটে নেয়া হচ্ছে ভোট। জেলার চারটি পৌরসভায় বিভিন্ন দলের মোট ১২ জন প্রার্থী মেয়র পদে প্রতিদ্বন্দ্বীতা করছেন। ভোট কেন্দ্র গুলো ঘুরে দেখা গেছে সকাল থেকেই ভোটাররা সারিবদ্ধ লাইনে দাঁড়ি ভোট দিচ্ছেন। এদিকে ভোট কেন্দ্র গুলোতে নিরাপত্তা ব্যবস্থা ছিল চোখে পড়ার মতো।

জেলা নির্বাচন অফিসের তথ্য মতে, জেলার ৪টি পৌরসভায় ৯০টি কেন্দ্রে সর্বমোট ২,০২,৪৮৭ জন ভোটার।

কুষ্টিয়া পৌরসভা-মোট কেন্দ্র: ৬২ টি মোট ভোটার সংখ্যা: ১,৪৬,৪২৩ জন। মিরপুর পৌরসভা- মোট কেন্দ্র : ১০ টি মোট ভোটার সংখ্যা: ১৭,৬৬৯ জন। ভেড়ামারা পৌরসভা-মোট কেন্দ্র: ৯টি মোট ভোটার সংখ্যা : ১৯,৪০৫ জন। কুমারখালী পৌরসভা-মোট কেন্দ্র: ৯টি মোট ভোটার সংখ্যা: ১৮,৯৯০ জন।

কুষ্টিয়ার সহকারী রিটার্নিং কর্মকর্তা আবু আনছার বলেন,কুমারখালীতে ৯টি কেন্দ্রে মোট ৭২টি ইভিএম মেশিন দেওয়া হয়েছে। বাকি গুলোতে ব্যালটে নেয়া হচ্ছে ভোট।

ভোটারদের নিরাপত্ত্বায় কেন্দ্র গুলোতে আনসার ও পুলিশের অবস্থানের পাশাপাশি স্ট্রাইকিং ফোর্স হিসেবে পুলিশ, র্যাব ও বিজিবি কেন্দ্রের বাইরে টহল দিচ্ছে। ম্যাজিষ্ট্রেটদের নেতৃত্বে কয়েকটি মোবাইল টিম কাজ করছে।

ঠিকাদারি ব্যবসা ছেড়ে মাছ আর ফলবাগানে বাজিমাৎ হযরত আলীর

ষাটোর্ধ হযরত আলী। ছিলেন ঠিকাদার। বয়স বাড়ায় ছাড়তে হয়েছে ঠিকাদারি ব্যবসা। তবে নিজেকে আবার বেকার মনে হচ্ছিল তাই দুই ছেলের অনুপ্রেরণায় বাড়ীর পাশে নিজের কিছু জমি ও কিছু জমি লিজ নিয়ে গড়ে তুলেছেন পুকুর, গরুর খামার আর মিশ্র ফলবাগান। এতে করে সফলতার দ্বারপ্রান্তে তিনি।

বলছিলাম কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহ ইউনিয়নের আহম্মেদপুর এলাকার হযরত আলীর কথা।

হযরত আলী প্রায় তিন একর জমিতে খণ্ড খণ্ড করে পুকুর, গবাদীপশুর খামার এবং দেশি-বিদেশি বিভিন্ন ফলের বাগান করে সারা জেলায় ব্যাপক সাড়া ফেলেছেন।

সরেজমিনে দেখা যায়, খণ্ড খণ্ড করে ২৪ টি পুকুরে বিভিন্ন ধরনের মাছ চাষের ব্যবস্থা, কাটিমন আম, পেয়ারা, লেবু, কমলা, মাল্টা, পেঁপেসহ দেশি-বিদেশি বিভিন্ন প্রজাতির গাছের সমন্বয়ে ফলবাগান। পাশেই আরেকটি শেডে ৬ টি দুগ্ধবতী গাভীর দেখা মিললো।

এই মিশ্র ফল বাগান ও খামার থেকে তিনি বছরে ৫ থেকে ৭ লাখ টাকা আয় করছেন।

তার এই মাছচাষ ও ফলবাগান দেখে উদ্বুদ্ধ হয়ে ওই গ্রামসহ আশপাশের

আনেক গ্রামে বেকার তরুণরা মাছচাষ বা বাগান তৈরি করে স্বাবলম্বী হয়েছেন।
তার বাগান দেখতে প্রতিদিনই ভিড় করেন বহু মানুষ।

হযরত আলী জানান, কুষ্টিয়ায় তার বাড়ী হলেও সাতক্ষীরায় ব্যবসা ছিলো তার। পেপার্স প্রিন্টিং প্রেস ও ঠিকাদারি ব্যবসা করতেন সেখানে। কিন্তু এখন বয়স হওয়ায় সেখান থেকে আবার নিজ গ্রাম কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহ ইউনিয়নের আহম্মদপুর এলাকায় ফিরে আসেন তিনি।

তবে কোন কিছু করতে না পেরে নিজেকে বেকারত্ব মনে হচ্ছিল। এসময় দুই ছেলের পরামর্শে কিছু একটা করবেন বলে সিদ্ধান্ত নেন। ইউটিউব চ্যানেল আর কৃষি কর্মকর্তাদের পরামর্শে দুই ছেলে তাকে একটি বাগান ও পুকুরে মাছ চাষের পরিকল্পনা গ্রহণ করেন। নিজের দুইবিঘা জমির পাশে অন্যের ৬ বিঘা জমি বাৎসরিক ১০ হাজার টাকা বিঘা প্রতি লিজ নিয়ে পুকুর খনন করে মাছ চাষ শুরু করেন। আর পুকুর পাড়ে, কলা, পেঁপে, বেগুন, লাউ,শিম, লেবুর আবাদ করেও বাড়তি আয় করেন।

পাশের তিন বিঘা জমিতে থাই জাতের পেয়ারা, কমলা, চায়না লেবু ও কাশ্মীরি কুল চাষ করেছেন।

তার খামার থেকে প্রতিদিন ৪০-৫০ কেজি করে দুধ সংগ্রহ করা হয়। সেটি স্থানীয়দের চাহিদা মিটিয়ে শহরের বাজারে বিক্রি হয়ে থাকে। গেল দুই বছরের মধ্যেই অনেক সাফল্য এসেছে তার তিনি এখন পাঁচ ওয়াক্ত নামাজ আদায়সহ পুকুরপাড় ও এর পুরো বাগানটি দেখাশোনা করেন।

তার বাগানে দেখাশোনার জন্য মাসিক বেতনে ২ জন কর্মকর্তা-কর্মচারী সার্বক্ষণিক কাজ করে এবং প্রয়োজনে বিভিন্ন সময় বিভিন্ন শ্রমিক প্রয়োজন হয় তার এই খামারে।
এই খামার করে ইতোমধ্যে তিনি বেশ সাফল্য অর্জন করেছেন।

তিনি এই এলাকার কৃষিতে পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে ফল চাষে এবং ফল বাগানে উদ্বুদ্ধ করে স্বাবলম্বী করে তুলতে চান। তাই যুবকদের এই কৃষি ক্ষেত্রে এগিয়ে আসার জন্য উদাত্ত আহ্বান জানান।

তিনি বলেন, বেকার হয়ে বসে না থেকে কৃষিখাতকে গুরুত্ব দিয়ে এভাবে পুকুরে পুকুরে মাছ চাষ গবাদিপশু পালন এমনকি বিভিন্ন ধরনের ফলের বাগান গড়ে তুলে নিজেকে স্বাবলম্বী করে গড়ে তোলার তাগিদ দেন তিনি।

সেখানকার শ্রমিক মওলা বক্স জানান, এই খামার দেখাশোনা করতে মাসিক ১০ হাজার টাকায় কাজ করি। এতে করে আমার পরিবার বেশ ভালোভাবে চলছে। ছেলে মেয়েকে পড়ালেখা করানোসহ বেশ সুখেই আছি আমি।

উপজেলা কৃষি অফিসার রমেশ চন্দ্র ঘোষ জানান, বৃদ্ধ বয়সেও যে কিছু করতে পারেন তার দৃষ্টান্ত উদাহরণ হযরত আলী। এই বয়সেও বেকার না থেকে কিছু একটা করবেন এই লক্ষ্যে তিনি এই মিশ্র ফলের বাগান, গরুর খামার এবং মাছের চাষ শুরু করেছেন তা সত্যি অসাধারণ।

আমরা কৃষি বিভাগের পক্ষ থেকে তাকে বাগানের জন্য প্রয়োজনীয় সহযোগিতা বিভিন্ন ধরনের পরামর্শসহ সার্বিক সহযোগিতা দিয়ে থাকি। তার দেখাদেখি যদি আরো অনেক বেকার তরুণ কিংবা বেকার জনগোষ্ঠী এগিয়ে আসে তবেই আমাদের মঙ্গল।

বিএনপির সরকার পতনের হুংকার নিয়ে জনগণ এখন হাসে- হানিফ

আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ বলেছেন, বিএনপির সরকার পতনের আহ্বান এবং হুংকার নিয়ে জনগণ এখন হাসে। সরকার পতনের সক্ষমতা বিএনপির নেই।

তিনি বলেন, গত ১০ বছর ধরে বিএনপি অজস্রবার বলে আসছে এ কথা। শুধু কর্মীদের টিকিয়ে রাখার জন্য তারা এসব বলে। বিএনপি বা অন্যকোনো দলের আওয়ামী লীগ সরকারের পতন ঘটানোর মতো সক্ষমতা নেই।

গতকাল বৃহস্পতিবার বিকেলে মাহবুব উল আলম হানিফ কুষ্টিয়ার নিজ বাসভবনে সাংবাদিকদের এসব কথা বলেন।

বিএনপি মহাসচিব মির্জা ফখরুলের সরকার পতন আন্দোলনের বক্তব্যের পরিপ্রেক্ষিতে তিনি এসব কথা বলেন।

করোনার ভ্যাকসিনের ব্যাপারে হানিফ বলেন, যেটা বাংলাদেশে এখনো আসেইনি তার মধ্যে লুটপাটের কথা বলা দায়িত্বশীলতার পরিচয় বহন করে না। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভ্যাকসিন সবার কাছে পৌঁছে দেওয়ার

উদ্যোগ নিয়েছেন এবং সেটা হবে বিনামূল্যে।

যেখানে বিনামূল্যে দেওয়ার চেষ্টা চলছে সেখানে লুটপাটের প্রসঙ্গ অযৌক্তিক এবং অবান্তর বলে উল্লেখ করেন হানিফ।

এ সময় স্থানীয় আওয়ামী লীগের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

কুমারখালীতে সড়ক দুর্ঘটনায় নিহত ১

কুষ্টিয়ার কুমারখালীতে মালবাহী ট্রাকের ধাক্কায় মহিলা ভ্যানযাত্রী নিহত ও ভ্যানচালক মারাত্মক আহত হয়েছে।

বৃহস্পতিবার সকালে কুষ্টিয়া -রাজবাড়ী আঞ্চলিক মহাসড়কের খয়েরচারা মাঠপাড়া ডা. রশিদের ইট ভাটার সামনে এই ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, সকালে কুমারখালী মুখী ইঞ্জিনচালিত ভ্যানে সুলতানপুর গ্রামের মৃত আকমল হোসেনের স্ত্রী কুটি (৫৫) তার নাতি ছেলে রিয়াদ (৭)কে স্কুলে নিয়ে যাবার সময় পিছন থেকে মালবাহী ট্রাক (ঢাকা-মেট্র-ট- ১৮-১০৫২) ধাক্কা দিলে ভ্যানচালক সহ তিনজনই রোডের উপর ছিটকে পড়েন।

তাদেরকে কুমারখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক মহিলা যাত্রী কুটিকে মৃত ঘোষনা করেন। এবং ভ্যানচালক মুরাদের (৫০) অবস্থা আশংকাজনক হওয়া তাকে কুষ্টিয়া সদর হাসপাতালে প্রেরণ করা হয়। এবং নাতি ছেলে রিয়াদের মাথায় দুটি সেলাই দেয়া হয়েছে সে আশংকামুক্ত।

এ বিষয়ে কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. মজিবুর রহমান জানান মালবাহী ট্রাক পিছন থেকে ধাক্কা দেয়ায় সড়কের উপর ছিটকে পড়ে মহিলা যাত্রী মারা গেছেন। ট্রাক ড্রাইভার পালিয়েছে। এবং জব্দকৃত ট্রাক সড়ক ও জনপদ বিভাগের পুলিশের হেফাজতে নেয়া হয়েছে।

৬ শ্রমিক নিহত, আহত ৪

ঝিনাইদহের শৈলকুপায় ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কে ট্রাক ও ইঞ্জিন চালিত করিমনের মুখোমুখি সংঘর্ষে ৬ ঢালাই শ্রমিক ঘটনাস্থলে নিহত হয়েছে। এ সময় আরো ৪ শ্রমিক গুরুতর আহত হয় বলে জানা যায়। এরা সবাই ঢালাই শ্রমিক।

ঘটনাটি গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে উপজেলার মদনডাঙ্গার শ্রীরামপুর নামক স্থানে ঘটে। পুলিশ ঘটননাস্থল থেকে ৬ জনের ছিন্ন বিচ্ছিন্ন মরদেহ উদ্ধার করে ঝিনাইদহ মর্গে ও আহতদের ঝিনাইদহ সদর হাসপাতালে প্রেরণ করেছেন। নিহতদের পরিচয় না জানা গেলেও তাদে বাড়ি ঝিনাইদহ সদর ও হড়িণাকুণ্ডু উপজেলাতে।

শ্রীরামপুর গ্রমের অবসরপ্রাপ্ত সেনা সদস্য জাবেদ আহম্মেদ জানান, সন্ধ্যা সাড়ে ছয়টার দিকে কুষ্টিয়া জেলার ইবি থানার হাতিয়া আব্দালপুর গ্রাম থেকে নির্মাণাধীন ঘরের ঢালাই কাজ শেষে করিমনে ঢালাই মেশিনসহ বাড়ি ফিরছিলেন তারা। শৈলকুপার কুষ্টিয়া- ঝিনাইদহ মহাসড়কের মদনডাঙ্গা এলাকার শ্রীরামপুর নামক স্থানে পৌঁছালে কুষ্টিয়াগামী সেনাকল্যাণ সংস্থার সিমেন্ট বোঝায় একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে ঝিনাইদহগামী শ্রমিক বোঝায় করিমনকে চাপা দিলে ঘটনাস্থলেই ৬ শ্রমিক ট্রাকের চাকায় পিষ্ট হয়ে মারা যায়।

এদের সবার দেহ ছিন্ন বিচ্ছিন্ন অবস্থায় পুলিশ উদ্ধার করে। আহত হয় আরো ৪ শ্রমিক। তাদের উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে প্রেরণ করেন পুলিশ। নিহতদের পরিচয় না পাওয়া গেলেও আহতরা হলো হড়িণাকুণ্ডুু উপজেলার শাখারিদাহর মেহেদি(৩২), সদর উপজেলার কলামন খালির রাব্বি(৩০), রিপন, কাষ্টশাখরার রিপন(৩৫)।

শৈলকুপার রামচন্দ্রপুর পুলিশ ফাড়ির ইনচার্জ এসআই শামীম আহম্মেদ জানান, ঝিনাইদহ- কুষ্টিয়া মহাসড়কে সেনাকল্যাণ সংস্থার একটি ট্রাক ও শ্রমিক বোঝায় করিমন মুখোমুখি সংঘর্ষে ঘটনাস্থলে ৬ শ্রমিক নিহত ও ৪ শ্রমিক আহত হয়। নিহতদের সবার দেহ ছিন্ন বিচ্ছন্ন ছিল। তাদের উদ্ধা করে ঝিনাইদহ মর্গে ও আহতদের ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

কুষ্টিয়ায় ৮টি অবৈধ ইটভাটা গুঁড়িয়ে দেওয়াসহ ৫ লাখ টাকা জরিমানা

পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র ছাড়াই ইট তৈরি করার অপরাধে কুষ্টিয়ার কুমারখালী উপজেলার ৮টি ভাটা ধ্বংস করা হয়েছে। একই সাথে জ্বালানি খড়ি দিয়ে ইটভাটা পরিচালনার দায়ে কুষ্টিয়া সদর উপজেলার দুই ইটভাটা মালিককে ৫ লাখ টাকা জরিমানা আদায় করা হয়েছে।

গতকাল বুধবার দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত উপজেলার শিলাইদহ ও যদুবয়রা ইউনিয়নে আটটি ভাটা ধ্বংস করা হয়েছে। খুলনা পরিবেশ অধিদপ্তরের নির্বাহী হাকিম মাসরুবা ফেরদৌসের নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়।

তিনি জানান, নিয়মনীতি না মেনে অবৈধভাবে ইটভাটা পরিচালনা করায় এবং ইটভাটার পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র না থাকায় উপজেলার শিলাইদহের কল্যাণপুরের মিরাজ শেখের মালিকানাধীন মেসার্স ভাই ভাই ব্রিকস, যদুবয়রা ইউনিয়নের আরিফুল ইসলামের মেসার্স এসআরবি ব্রিকস, ফারুখ হোসেনের মেসার্স টিজেবি ব্রিকস, আল মামুনের মেসার্স সাগর ব্রিকস, আমিরুল ইসলামের মেসার্স একেবি ব্রিকস, আনোয়ার হোসেনের মেসার্স মহুয়া ব্রিকস, মো. করিম শেখের সৈনিক ব্রিকস ও সামছুলের মেসার্স নিয়াত ব্রিকস ধ্বংস করা হয়। অবৈধ ইটভাটা বন্ধে এমন অভিযান অব্যাহত থাকবে বলেও জানান তিনি।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা গেছে, খুলনা পরিবেশ অধিদপ্তর ও কুষ্টিয়া জেলা কার্যালয় কর্তৃক সকালে অভিযান শুরু হয়ে সন্ধ্যায় শেষ হয়। অবৈধভাবে ইটভাটা পরিচালনা করায় আটটি ইটভাটার আগুন ফায়ার সার্ভিসের কর্মীরা নিভিয়ে দেন। পরে ড্রেজার দিয়ে ভাটার স্থাপনা গুঁড়িয়ে দেওয়া হয় ও কল্যাণপুরের ভাটার কাঁচা ইট ধ্বংস করে দেয়া হয়।

এসময় উপস্থিত ছিলেন কুষ্টিয়া জেলা পরিবেশ অধিদপ্তরের জেলা কার্যালয়ের উপ-পরিচালক আতাউর রহমান, সহকারী পরিচালক কমল কুমার

বর্মণসহ কর্মকর্তা-কর্মচারীগণ। অভিযানে সহায়তা করেন র্যাব, পুলিশ ও ফায়ার সার্ভিসের কর্মীরা।

এর আগে সকালে কুষ্টিয়া সদর উপজেলার ঝাউদিয়া এলাকার মেসার্স ডাবলু ব্রিকস কে ৪ লাখ টাকা ও বিত্তিপাড়া মেসার্স হাকিম ব্রিকসকে ১ লাখ টাকা জরিমানা আদায় করা হয়। অভিযান পরিচালনা করেন সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সিফাত উদ্দিন। এসময় পরিবেশ অধিদপ্তর কুষ্টিয়া জেলা কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীগণ ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা উপস্থিত ছিলেন।

প্রসঙ্গত, কুষ্টিয়ার ৬টি উপজেলায় মোট ইটভাটার সংখ্যা ১৯১টি। এর মধ্যে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র নিয়ে অনুমোদন নিয়ে মাত্র ৫০টি ইট ভাটা চলমান রয়েছে। অবশিষ্ট ১৪১ভাটার মধ্যে শতাধিক ইটভাটা হাইকোর্টে রিট পিটিশন দায়ের করে ব্যবসা পরিচালনা করে আসছে। এতে সরকার বিপুল পরিমাণ রাজস্ব হারাচ্ছে।

জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তরসূত্রে জানা গেছে, কুষ্টিয়া জেলায় ১৯১টি ইট ভাটা রয়েছে। এর মধ্যে জিগজ্যাক ইটভাটা ৬২টি, ড্রাম চিমনি ইটভাটা ৩০টি ও ১২০ ফুট ফিক্সড চিমনি ইটভাটা ৯৯টি।

কুষ্টিয়ায় মেয়ের মৃত্যুর পর বাবার মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে মেয়ের আত্মহত্যার খবর শুনে দুই ঘণ্টা পর হৃদযন্ত্রক্রিয়া বন্ধ হয়ে তার বাবার মৃত্যুর ঘটনা ঘটেছে।

মঙ্গলবার দুপুরের দিকে মিরপুর পৌরসভার সুলতানপুর এলাকায় এ করুণ ঘটনা ঘটে।

আত্মহননকারীর নাম শান্তনা আক্তার (২২)। সে পৌরসভার সুলতানপুর এলাকার মোস্তফা মিয়ার কণ্যা।

মিরপুর থানার পরিদর্শক (তদন্ত) শুভ্র প্রকাশ ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, সকালে পারিবারিক বিষয় নিয়ে শান্তনা আক্তারের

সঙ্গে তার মায়ের বাক-বিতণ্ডা হয়।

এতে মায়ের ওপর অভিমান করে বেলা ১২টার দিকে নিজ ঘরে গলায় দড়ি দেয় শান্তনা। দ্রুত তাকে উদ্ধার করে মিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। মেয়ের এমন অপমৃত্যুর শোক সইতে না পেরে এর দুই ঘণ্টা পর হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে একই হাসপাতালে তার বাবা মোস্তফারও মৃত্যু হয়।

তিনি আরও জানান, শান্তনার বিয়ে বিচ্ছেদ হয়েছিল। চার বছরের একমাত্র ছেলে নিয়ে সে বাবার বাড়িতে থাকতো।

কুষ্টিয়ায় নৌকার প্রার্থীর পক্ষে ভোট চাইলেন জেলা তাঁতীলীগ নেতৃবৃন্দ

কুষ্টিয়া পৌরসভা নির্বাচন উপলক্ষে সরকারের চলমান উন্নয়নকে অব্যাহত রাখতে নৌকার পক্ষে ভোট চাইলেন কুষ্টিয়া জেলা তাঁতী লীগের নেতারা।

মঙ্গলবার দিনব্যাপী শহরের বিভিন্ন এলাকায় কুষ্টিয়া পৌরসভার বারবার নির্বাচিত পৌর মেয়র, বর্ষিয়ান আওয়ামী লীগ নেতা আনোয়ার আলীর পক্ষে নৌকা প্রতীকে ভোট চান।

এসময় লিফলেট বিতরনসহ ভোট প্রার্থনা করেন তাঁরা।

এসময় কুষ্টিয়া জেলা তাঁতী লীগের সভাপতি রুহুল আমিন, সাধারণ সম্পাদক হারুন অর রশীদ, যুগ্ম সাধারণ সম্পাদক বিপুল হোসেন, সাংগঠনিক সম্পাদক মোঃ মোমিনুল ইসলাম বকুল, শিক্ষা বিষয়ক সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আশরাফ আলী মাস্টার, সদস্য হেলাল উদ্দিন, ডাঃ বাচ্চু সহ অন্যান্য নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।